গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

নম্বর ঃ ৩৩.০১.০০০০.৬০০.৯৯.০১১.২২- ৯৭০১

তারিখ ঃ ২৬/১১/২০২০ খ্রিস্টাব্দ
/০৮/১৪২৯ বঙ্গাব্দ

# পরিপত্র

বিষয় ঃ কৃত্রিম প্রজনন কার্যক্রম বাস্তবায়নে দায়িত্ব বন্টন, লক্ষ্যমাত্রা নির্ধারণ ও প্রতিবেদন প্রণয়নে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, থেরিওজেনোলজিস্ট, ভেটেরিনারি সার্জন ও কৃত্রিম প্রজনন সেবাদানকারীদের সমন্বিত দলগত প্রয়াসের মাধ্যমে কৃত্রিম প্রজনন কার্যক্রমের অভীষ্ট লক্ষ্য অর্জন ও সফল বাস্তবায়ন সম্ভব। মাঠপর্যায়ে উক্ত কার্যক্রমের সুষ্ঠ ও সফল বাস্তবায়ন নিশ্চিতকরণে প্রয়োজনীয় নির্দেশনা জারি করা হলো ঃ

১। মাঠপর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম বাস্তবায়নে 'উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা' টিম লিডার বা দলনেতা'র ভূমিকা পালন করবেন।

২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মাঠপর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম বাস্তবায়নে 'কৃত্রিম প্রজনন নির্দেশিকা' অনুসরণ, পরামর্শ প্রদান, লজিস্টিক সরবরাহ, নিবিড় তত্ত্বাবধান ও উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে প্রয়োজনীয় সমন্বয়ের দায়িত্ব পালন করবেন। থেরিওজেনোলজিস্ট, ভেটেরিনারি সার্জন ও কৃত্রিম প্রজনন সেবাদানকারীদের প্রত্যক্ষ সহায়তায় 'টিম লিডার' অর্পিত দায়িত্বের বাস্তবায়ন নিশ্চিত করবেন -

ক. প্রশাসনিক এলাকায় প্রজননক্ষম গাভী/বকনা জরিপ
খ. 'কৃত্রিম প্রজনন নির্দেশিকা' অনুসারে সিমেনের চাহিদা নিরূপণ
গ. কৃত্রিম প্রজনন কার্যক্রমের রেকর্ড সংরক্ষণ
ঘ. গাভীর 'উৎপাদন সক্ষমতা বা মেরিট' অনুসারে সিমেন ব্যবহার
ঙ. উন্নত জাতের বাছুরের মৃত্যুহার হ্রাস
চ. প্রজনন স্বাস্থ্য রক্ষায় খামারিদের পরামর্শ প্রদান
ছ. প্রাণিপুষ্টি উন্নয়নে উদ্ভাবিত প্রযুক্তির সম্প্রসারণ ও পরামর্শ প্রদান
জ. সরকারি-বেসরকারি কার্যক্রমে সমন্বয় সাধন

৩। কৃত্রিম প্রজনন কার্যক্রম প্রতিবেদনের যথার্থতা নিশ্চিতকরণ ও দ্বৈততা পরিহারে প্রশাসনিক নিয়ন্ত্রণ নির্বিশেষে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের কর্মএলাকায় অবস্থিত বিভিন্ন প্রতিষ্ঠানে (জেলা প্রাণিসম্পদ দপ্তর, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র ও কৃত্রিম প্রজনন উপকেন্দ্র/পয়েন্ট) কর্মরত সেবাদানকারীরা সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা'র নিকট প্রতিবেদন দাখিল করবেন। উক্ত বিষয়ে কোন জটিলতার সৃষ্টি হলে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র পারস্পরিক আলোচনার মাধ্যমে সমস্যা নিরসন করবেন। উপজেলা পর্যায়ের সমন্বিত প্রতিবেদন জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রে প্রেরিত হবে। জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র সমন্বিত প্রতিবেদন অধিদপ্তরস্থ কৃত্রিম প্রজনন দপ্তরে প্রেরণ করবেন এবং প্রতিবেদন অনুলিপি সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ দপ্তর ও বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তরকে অবহিত করবেন।

চলমান পাতা/০২

৪। এনিমেল ব্রিডিং শাখার পরামর্শের আলোকে কৃত্রিম প্রজনন দপ্তর 'সিমেন উৎপাদন ও ক্যান্ডিডেট বুল উৎপাদন' কার্যক্রমের প্রাপ্ত লক্ষ্যমাত্রা কৃত্রিম প্রজনন ল্যাবরেটরি, কৃত্রিম প্রজনন ল্যাবরেটরি কাম বুল স্টেশন ও বুল কাফ রেয়ারিং ইউনিট কাম মিনিল্যাবের মাঝে বিভাজন করবেন। একইসাথে মাঠপর্যায়ে পরিচালিত বার্ষিক প্রজননক্ষম গাভী/বকনা জরিপে প্রাপ্ত তথ্যের আলোকে 'কৃত্রিম প্রজনন' কার্যক্রমের প্রাপ্ত লক্ষ্যমাত্রা জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রের মাঝে বিভাজন করবেন এবং সকল বিভাজন অনুলিপি সম্প্রসারণ দপ্তরকে অবহিত করবেন। জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র প্রাপ্ত লক্ষ্যমাত্রা কৃত্রিম প্রজনন ইউনিটসমূহের (কেন্দ্র, উপকেন্দ্র ও পয়েন্ট) মাঝে বিভাজন করবেন এবং বিভাজন অনুলিপি কৃত্রিম প্রজনন দপ্তর, সংশ্লিষ্ট বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর ও জেলা প্রাণিসম্পদ দপ্তরকে অবহিত করবেন।

৫। কৃত্রিম প্রজনন উপকেন্দ্র ও পয়েন্টসমূহ থেকে প্রাপ্ত রিপিট ব্রিডিং ও অন্যান্য ইনফার্টিলিটি সমস্যাসমূহ ভেটেরিনারি সার্জন সমাধানের উদ্যোগ গ্রহণ করবেন এবং জটিল সমস্যাসমূহের তালিকা উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার মাধ্যমে জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রে প্রেরণ করবেন। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর সুপারিশকৃত তালিকায় উল্লেখিত সমস্যাসমূহ জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রের 'থেরিওজেনোলজিস্ট' সরেজমিন পরিদর্শন করবেন এবং গাভী/বকনার শারীরিক পরীক্ষান্তে (Physical Examination) প্রয়োজনীয় পরামর্শ ও চিকিৎসা সেবা প্রদান করবেন।

৬। উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র এর নির্দেশনা ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা'র সুপারিশের আলোকে বৈজ্ঞানিক কর্মকর্তা (জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র) সিমেন ও লজিস্টিক উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে সরবরাহ করবেন। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা চালান গ্রহণ করবেন, সিমেন ও লজিস্টিক বিতরণ নিশ্চিত করবেন ও ত্রৈমাসিক ভিত্তিতে সার্ভিস চার্জ জমাদানের প্রতিবেদন (রিকনসাইলসহ) জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রে প্রেরণ নিশ্চিত করবেন। কৃত্রিম প্রজনন সেবাদানকারীরা নিজ নিজ উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে মাসিকভিত্তিতে কৃত্রিম প্রজনন সার্ভিস চার্জ জমা প্রদান করবেন।

৭। কৃত্রিম প্রজনন ইউনিটসমূহে কর্মরত সেবাদানকারীদের বিষয়ে শৃঙ্খলাজনিত পরিস্থিতির উদ্ভব ঘটলে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা 'উদ্ভূত পরিস্থিতি' তাঁর দপ্তরের মতামতসহ জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রকে অবহিত করবেন। উপপরিচালকের (জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র) সুপারিশ অনুসারে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

৮। সরকারি ও বেসরকারি পর্যায়ে 'কৃত্রিম প্রজনন সম্প্রসারণ প্রতিবেদন' এবং 'সিমেন ও তরল নাইট্রোজেন সরবরাহ প্রতিবেদন' কৃত্রিম প্রজনন প্রতিবেদন হিসেবে বিবেচিত হবে। জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র নিজ দপ্তরের 'প্রাণিপুষ্টি প্রযুক্তি সম্প্রসারণ প্রতিবেদন' অনুলিপি সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ দপ্তর ও বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তরকে অবহিত করবেন।

২৭/১১/২০২২

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
ফোন ঃ ৯১০১৯৩২
ই-মেইলআইডি ঃ dgdls16@gmail.com

২৮/১১/২০২২

বিতরণ ঃ

১-২। পরিচালক, প্রশাসন/সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৩। পরিচালক, কৃত্রিম প্রজনন, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা।

৪-১১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা বিভাগ/চট্টগ্রাম বিভাগ/রাজশাহী বিভাগ/খুলনা বিভাগ /বরিশাল বিভাগ/সিলেট বিভাগ/রংপুর বিভাগ ও ময়মনসিংহ বিভাগ।

১২। উপপরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

১৩-৭৬। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ........................ (সকল)।

৭৭-৯৭। উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, ........................ (সকল)।

৯৮-৫৮৯। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ............................, .......................... (সকল)।

৫৯০। অফিস কপি।